

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার
শায়েস্তা খাঁন রোড, নারায়ণগঞ্জ
Publiclibrary.narayanganj.gov.bd

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব দেবশীষ ভদ্র, লাইব্রেরিয়ান।

তারিখ ও সময় : ২৬/০৯/২০২১ খ্রিঃ, সকাল ১১:৩০ মিঃ

স্থান : জেলা সরকারি গণগ্রন্থাগার, নারায়ণগঞ্জ অফিস কক্ষ।

সভায় উপস্থিতির তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে (কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম ১.৩ নং ক্রমিক অনুযায়ী) বিষয়ে তৎপর এবং সকল ক্ষেত্রে শুদ্ধাচার প্রয়োগ করার জন্য সকলকে অনুরোধ করেন। অতঃপর সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা-১: লাইব্রেরি কর্মকর্তা, ভ্রাম্যমাণ লাইব্রেরি প্রকল্প, নারায়ণগঞ্জ বর্তমান কোভিড-১৯ মহামারি মোকাবেলায় গ্রন্থাগারের বিশেষ পদক্ষেপের রূপরেখা প্রণয়ন এবং গ্রন্থাগার পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য গ্রন্থাগার কর্তৃপক্ষকে অনুরোধ করেন।

সিদ্ধান্ত : কোভিড-১৯ মহামারি/ আপদকাল মোকাবেলায় অত্র গ্রন্থাগারের ভেতর-বাহিরসহ ওয়াশরুম পরিষ্কার ও দুর্গন্ধমুক্ত রাখতে শ্রমিক মজুরি খাতে নিয়োজিত কর্মীকে আরো বেশি তৎপর হওয়ার নির্দেশ প্রদান করা হয়। টয়লেট দুর্গন্ধমুক্ত রাখতে প্রয়োজনীয় স্থানে নেপথ্যালিন, ব্লিচিং পাউডার এবং স্প্রে করতে হবে এবং প্রতিটি বেসিনে সাবান সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা-২ : জনাব রত্না সরকার, জুনিয়র লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, নারায়ণগঞ্জ গ্রন্থাগার কর্মীদের অফিস চলাকালীন সময়ে সুরক্ষার নিমিত্তে হ্যান্ড স্যানিটাইজার এবং সাবান সরবরাহের জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত : প্রতি গ্রন্থাগার কর্মীকে স্বাস্থ্যবিধি মেনে অফিস চলাকালীন সময়ে সুরক্ষার নিমিত্তে হ্যান্ড স্যানিটাইজার ও সাবান ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০৯/২০২১

(দেবশীষ ভদ্র)

লাইব্রেরিয়ান

জেলা সরকারি গণগ্রন্থাগার, নারায়ণগঞ্জ

ফোন-৭৬৪৮৬০৬

E-mail: govt.librarynarayanganj@gmail.com

স্মারক নং- ৪৩.২৬.৬৭০০.০০০.০৫.০০২.২১.২৬৩/১(৩)

তারিখ : ২৬/০৯/২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) পরিচালক, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।

২) জনাব নারায়ণগঞ্জ।

৩) সংশ্লিষ্ট নথি।

২৬/০৯/২০২১

(দেবশীষ ভদ্র)

লাইব্রেরিয়ান